রেজিঃ ডাকযোগে/বাহক
মারফত/ই-মেইল যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর-০৭
উত্তরা, ঢাকা-১২৩০
[মূসক নীতি ও বাস্তবায়ন শাখা]
www.dknvat.gov.bd

নথি নং-ঢাকা উত্তর/মূসক বাস্তঃ(১৬২)/ভ্যাট দিবস/২০২৪ তারিখঃ / /২০২৫ খ্রিঃ।

বিষয় : **ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন উপলক্ষ্যে সেমিনার ও অন্যান্য কর্মসূচী আয়োজনের অগ্রগতি বিষয়ক অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী।**

সূত্র : ১) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৭৬.১৬.০০৬.২০২০(অংশ-১)/৪১২, তারিখ: ৩০/১০/২০২৫ খ্রিঃ;
২) এ দপ্তরের সমনথির পত্র নং-১০২৯(৮), ১০৩০(৮); তারিখঃ ০৪/১১/২০২৫ খ্রিঃ।

ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন উপলক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গঠিত ভেন্যু/মঞ্চ সজ্জা উপকমিটি ও কমিশনারেটে অনুষ্ঠিতব্য সেমিনার আয়োজনের লক্ষ্যে গঠিত কমিটির কাজের অগ্রগতি বিষয়ে জনাব মোঃ সামছুল ইসলাম, আহ্বায়ক, ভেন্যু/মঞ্চ সজ্জা উপকমিটি ও কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা এর সভাপতিত্বে সম্মেলন কক্ষ, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকায় ২৪/১১/২০২৫ খ্রিঃ তারিখে বিকাল-০৪.০০ টায় একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় এ কমিশনারেটের অতিরিক্ত কমিশনার, যুগ্মকমিশনার, উপ কমিশনার, সহকারী কমিশনারসহ ভেন্যু/মঞ্চ সজ্জা উপকমিটি ও কমিশনারেটে অনুষ্ঠিতব্য সেমিনার আয়োজনের লক্ষ্যে গঠিত কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা সংযুক্ত (**সংযুক্তি-ক**)।

২। সভার শুরুতেই ভেন্যু/মঞ্চ সজ্জা উপকমিটির আহবায়ক জনাব মোঃ সামছুল ইসলাম, কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার প্রেক্ষাপট হিসেবে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন বিষয়ে তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত-১ নং পত্রের আলোকে ভেন্যু/মঞ্চ সজ্জা উপকমিটি ও কমিশনারেটে অনুষ্ঠিতব্য সেমিনার আয়োজনের লক্ষ্যে গঠিত কমিটির কাজের অগ্রগতি বিষয়ে আলোকপাত করার জন্য অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনারসহ সকলকে অনুরোধ করেন। অত:পর ভন্যু/মঞ্চ সজ্জা উপকমিটি ও কমিশনারেটে অনুষ্ঠিতব্য সেমিনার আয়োজনের লক্ষ্যে গঠিত কমিটির আহ্বায়কগণ ও সদস্যবৃন্দ কাজের অগ্রগতি তুলে ধরেন।

৩। আলোচনা শেষে ভেন্যু/মঞ্চ সজ্জা উপকমিটির কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য এ দপ্তরের গঠিত কমিটিকে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন কমিটির আহ্বায়কের সাথে সমন্বয়পূর্বক সামগ্রিক কার্যক্রম নিষ্ঠার সাথে সম্পাদন করার জন্য অনুরোধ করেন। একইসাথে, ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন উপলক্ষ্যে এ দপ্তরে অনুষ্ঠিতব্য সেমিনারটি ফলপ্রসু ও ব্যবসায়ীবান্ধব করার নিমিত্ত নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তাবয়ন |
|---|---|---|
| ১ | কমিশনারেট সদর দপ্তর, গুলশান, টঙ্গী ও গাজীপুর ভ্যাট বিভাগীয় দপ্তরে কর্মরত কর্মকর্তা ও সম্মানিত করদাতাদের উপস্থিতি বিবেচনায় নিয়ে সদর দপ্তরের সম্মেলন কক্ষে অথবা সদর দপ্তরের কাছাকাছি কনভেশন সেন্টারে সেমিনারটি আয়োজন করা হবে। সে আলোকে সদর দপ্তরের সম্মেলণ কক্ষ প্রস্তুত বা কনভেনশন সেন্টার ভাড়া ও এ দপ্তরের জন্য বরাদ্দকৃত ব্যানার, পোস্টার ও স্টিকার দ্বারা সাজ-সজ্জার কাজ চূড়ান্তকরণ; | সাজ-সজ্জা কমিটি |
| ২ | কমিশনার, কর অঞ্চল-৯ কে প্রধান অতিথি, কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা ও কমিশনার, বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর) কে বিশেষ অতিথি হিসেবে সেমিনারে আমন্ত্রণ জানানো হবে। গুলশান, টঙ্গী ও গাজীপুর বিভাগ হতে ১০ জন করে মোট ৩০ (ত্রিশ) জন সম্মানিত করদাতাগণকে আমন্ত্রণ জানানো হবে। যথাসময়ে আমন্ত্রণপত্র তৈরি ও প্রধান অতিথি, বিশেষ অতিথিসহ অন্যান্য অতিথিবৃন্দ এবং সর্বোচ্চ মূসক প্রদানকারী প্রতিষ্ঠানের নিকট যথাসময়ে আমন্ত্রণপত্র পৌছানো নিশ্চিত করা। | আমন্ত্রনপত্র তৈরি ও বিতরণ কমিটি |



CamScanner

| | | |
|---|---|---|
| ৩ | সেমিনারে আগত অতিথিদের জন্য প্যাড, কলম, ব্যাগ ইত্যাদি যথাসময়ে প্রস্তুতপূর্বক সরবরাহের লক্ষ্যে নিম্নরূপ আয়োজন কমিটি গঠন করা হলোঃ<br>**আয়োজন কমিটিঃ**<br>১। জনাব শাহেদ আহমেদ, যুগ্ম কমিশনার, কমিশনারেট সদর, ঢাকা (উত্তর), ঢাকা।<br>২। মিজ সাবরিনা আমিন, সহকারী কমিশনার, কমিশনারেট সদর, ঢাকা (উত্তর), ঢাকা।<br>৩। জনাব মোঃ আইয়ুব, সহকারী কমিশনার, কমিশনারেট সদর, ঢাকা (উত্তর), ঢাকা।<br>৪। জনাব আবুল হোসেন, রাজস্ব কর্মকর্তা, কমিশনারেট সদর, ঢাকা (উত্তর), ঢাকা।<br>৫। জনাব মোঃ হাবিবুর রহমান, সহঃ রাজস্ব কর্মকর্তা, কমিশনারেট সদর, ঢাকা (উত্তর), ঢাকা। | আয়োজন কমিটি |
| ৪ | অভ্যর্থনার দায়িত্বপ্রাপ্ত সদস্যদের নির্ধারিত ড্রেসকোড অনুযায়ী যথাস্থানে দায়িত্বপালন নিশ্চিত করা। | অভ্যর্থনা কমিটি |
| ৫ | সেমিনার শুরুর পূর্বে সঞ্চালক ও কোরআন তেলাওয়াতকারী নির্বাচন। | আয়োজন কমিটি |
| ৬ | জাতীয় রাজস্ব বোর্ডে অনুষ্ঠিতব্য সেমিনার এর জন্য প্রস্তুতকৃত কী-নোট পেপার সংগ্রহ এবং সে আলোকে কী-নোট প্রস্তুত করতঃ কমিশনারের নিকট উপস্থাপন করা। | সাজ-সজ্জা কমিটি |
| ৭ | জাতীয় রাজস্ব বোর্ডে অনুষ্ঠিত সেমিনারের লক্ষ্যে তৈরিকৃত ব্যানার অনুযায়ী ব্যানার প্রস্তুত এবং প্রয়োজনে অনুমোদিত টিভিসি এর মধ্যে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ এর মূল স্লোগান প্রচারের ব্যবস্থা করা। | সাজ-সজ্জা কমিটি |
| ৮ | জাতীয় রাজস্ব বোর্ড হতে এ দপ্তরে জন্য বরাদ্দকৃত ও এ দপ্তর হতে প্রস্তুতকৃত উপহার সামগ্রী, পোস্টার, স্টিকার ও অন্যান্য পণ্য যথাসময়ে যথাস্থানে পৌছানোর কার্যক্রম গ্রহণ করা। | সাজ-সজ্জা কমিটি |
| ৯ | প্রয়োজনীয় সংখ্যক প্যাকেট স্ন্যাক/লাঞ্চ সুষ্ঠুভাবে বিতরণের ব্যবস্থা গ্রহণ করা। | আপ্যায়ন কমিটি |
| ১০ | রোল ব্যানার, এক্স ব্যানার নির্ধারিত সময়ে ও স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সপ্তাহজুড়ে দৃশ্যমান প্রচারণার লক্ষ্যে প্রয়োজনে বড় বড় শপিংমল এ প্রদর্শনের ব্যবস্থা করণ; | সাজ-সজ্জা কমিটি |
| ১১ | ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন উপলক্ষ্যে অনলাইনে করদাতাদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা। একইসাথে কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অত্র দপ্তরের কনফারেন্স রুম এ মৌলিক প্রশিক্ষণের ব্যবস্থা করা। | অতিরিক্ত কমিশনার ও বিভাগীয় কর্মকর্তাগণ |
| ১২ | মূল্য সংযোজন কর (মূসক) বিষয়ে জনসাধারণের সচেনতা বৃদ্ধির লক্ষ্যে ভ্যাট বিষয়ে স্কুল ও কলেজ পর্যায়ে ছাত্র-ছাত্রীদের নিয়ে রচনা/কুইজ প্রতিযোগিতার আয়োজন করা। | বিভাগীয় কর্মকর্তা<br>টঙ্গী বিভাগ |
| ১৩ | কমিশনারেটর সদর দপ্তরসহ প্রত্যেক বিভাগে ভ্যাট সপ্তাহ চলাকালীন সময়ে কার্যকর হেল্প ডেস্ক স্থাপন নিশ্চিত করা। | উপ কমিশনার,<br>কমিশনারেট সদর দপ্তর |
| ১৪ | ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ জুড়ে মূসক নিবন্ধন প্রদানের লক্ষ্যে ভ্রাম্যমান নিবন্ধন বুথ/গাড়ির ব্যবস্থা করণ। যেহেতু বড় বড় শপিং মলগুলো রাতে খোলা থাকে সেহেতু লাইটিং এর ব্যবস্থা করা। | বিভাগীয় কর্মকর্তা<br>গুলশান বিভাগ |
| ১৫ | ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ ফলপ্রসু করার লক্ষ্যে সকল শাখার পেন্ডিং কাজ অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করা ও অনুসন্ধান কার্যক্রম শেষে সংশ্লিষ্ট শাখার প্রধানকে রিপোর্ট প্রদান করা; | অতিরিক্ত কমিশনার,<br>কমিশনারেট সদর দপ্তর |
| ১৬ | প্রেস রিলিজ প্রস্তুতের ক্ষেত্রে একটি খসড়া প্রেস রিলিজ প্রস্তুত করবেন এবং কমিশনার মহোদয়ের অনুমোদন গ্রহণ করবেন। | মিডিয়া কমিটি |
| ১৭ | **বিভাগ ভিত্তিক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে বিভাগীয় দপ্তরের অনুকূল বাজেট বরাদ্দ প্রদান।** | সহকারী কমিশনার<br>সাধারণ সংস্থাপন শাখা |
| ১৮ | ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপন উপলক্ষে আয়োজিত প্রতিটি অনুষ্ঠানের শৃঙ্খলা ও মর্যাদা সমুন্নত রেখে চেকলিস্ট প্রণয়ন ও তা সুচারুরূপে পরিপালন করা। | সহকারী কমিশনার-৩ |
| ১৯ | ঢাকার বাহিরের বিভাগীয় দপ্তর কর্তৃক ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও তদারকি নিশ্চিত করা। | অতিরিক্ত কমিশনার |

৪। অতঃপর সভাপতি মহোদয়, সকলকে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ যথাযথ মর্যাদায় উদযাপনের কার্যক্রম গ্রহণে আন্তরিক হওয়ার জন্য আহবান জনান এবং সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১১/২০২৫

মোঃ সামছুল ইসলাম
কমিশনার
ও
আহবায়ক
ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে গঠিত
ভেন্যু/মঞ্চ সজ্জা উপ-কমিটি
ফোন নং ঃ ০২-৪৮৯৫৮১১৫
ই-মেইল ঃ commdkn@gmail.com

নথি নং-ঢাকা উত্তর/মূসক বাস্তঃ(১৬২)/ভ্যাট দিবস/২০২৪/২৬৭৪(৮) তারিখঃ ২৭/১১/২০২৫ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১। যুগ্ম কমিশনার-১/২, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, গুলশান/টঙ্গী/গাজীপুর/ময়মনসিংহ/কিশোরগঞ্জ/নেত্রকোণা ও শেরপুর।
৩। উপ কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
৪। জনাব/মিজ্.....................রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
৫ জনাব/মিজ্.................... সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
৬। শাখা সহকারী (সকল) সদর দপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
৭। পিএ টু কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ**

১। সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা ও
আহ্বায়ক, ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন কমিটি।

[দৃষ্টি আকর্ষণ: দ্বিতীয় সচিব (মূসক করদাতা ও সেবা)]

২৭.১১.২০২৫

মোঃ জিয়াউর রহমান খান
অতিরিক্ত কমিশনার